

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

স্মারক নম্বর-৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৩.১৮- ৬৬৮

তারিখঃ ১৫ আষাঢ় ১৪২৯  
২৯ জুন ২০২২ইং

বিষয় :- শ্রীলংকা হতে একদিন বয়সী Indian River Broiler প্যারেট ষ্টক জাতের ১১,৩০৫ টি মুরগীর বাচ্চা আমদানীর অনুমতির  
প্রদান প্রসঙ্গে

সূত্র : এসোসিয়েট ভাইস প্রেসিডেন্ট (কমার্শিয়াল এন্ড সাপ্লাই চেইন) এসিআই গোদরেজ এগ্রোভেট প্রাইভেট লিঃ এর ২০/০৬/২০২২ ইং  
তারিখের পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে শ্রীলংকা হতে একদিন বয়সী Indian River Broiler প্যারেট ষ্টক জাতের  
সর্বমোট= ১১,৩০৫ (এগার হাজার তিনশত পাঁচ) টি একদিন বয়সী মুরগীর বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৯/০৬/২০২২ ইং তারিখের  
মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হ'ল। যাহার (Profoma Invoice no: TAF/ACI/003/2022 date: 02.5.2022)।

**শর্তসমূহঃ**

- ১। অনুমোদিত সকল প্যারেট ষ্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ  
প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ  
কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ০৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান  
বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাজধানী কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এ প্রেরণ করতঃ রোগ  
নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেট ষ্টক বিমান যোগে আমদানী করতে হবে।
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI Disease দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা  
আমদানী করলে সকল দায় দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানী অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



*(Signature)*  
তারিখঃ ২৭/৬/২০২২

(ডাঃ পল্লব কুমার দত্ত)

উপপরিচালক (এইচ.আর.ডি)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

[adtraining.dls@gmail.com](mailto:adtraining.dls@gmail.com)

এসোসিয়েট ভাইস প্রেসিডেন্ট (কমার্শিয়াল এন্ড সাপ্লাই চেইন)  
এসিআই গোদরেজ এগ্রোভেট প্রাইভেট লিঃ  
(খামারের স্থান : কাজীরহাট, অমরখানা, পঞ্চগড় সদর, পঞ্চগড়)।

**কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :**

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
- ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে  
প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৫। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
- ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :-**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস